গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
শরীয়তপুর
www.shariatpur.gov.bd

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

স্মারক নম্বর- ০৫.৩০.৮৬০০.০২৫.১১.০১৮.২৬- ১৪৭ তারিখ : ২০ আষাঢ় ১৪৩৩ / ০৪ জুলাই ২০২৬

জেলা প্রশাসন, শরীয়তপুর কর্তৃক পরিচালিত "কালেক্টরেট পাবলিক হাই স্কুল" শরীয়তপুর এ প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক (চুক্তিভিত্তিক) ০১ (এক) জন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগের যেকোনো বিষয়ে সম্মানসহ স্নাতক/ স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। গনিত/উচ্চতর গনিত বিষয়ে শিক্ষকতা পেশায় পূর্বের অভিজ্ঞতা/বি.এড/সমমান ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। স্বীকৃত বিদ্যালয়ের শিক্ষকতা পেশা থেকে সম্প্রতি অবসরপ্রাপ্ত হয়েছেন এমন শিক্ষক/শিক্ষিকাও আবেদন করতে পারবেন। | আলোচনা সাপেক্ষে |
| ০২ | সহকারী শিক্ষক (চুক্তিভিত্তিক) বিজ্ঞান-০১ (এক) জন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদী বিজ্ঞান বিভাগের যেকোনো বিষয়ে সম্মানসহ স্নাতক/স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষকতা পেশায় পূর্বের অভিজ্ঞতা/বি.এড/সমমান ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। স্বীকৃত বিদ্যালয়ের শিক্ষকতা পেশা থেকে সম্প্রতি অবসরপ্রাপ্ত হয়েছেন এমন শিক্ষক/শিক্ষিকাও আবেদন করতে পারবেন। | |

শর্তাবলী :

০১। আগ্রহী প্রার্থীকে জেলা প্রশাসক, শরীয়তপুর বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে (ছুটির দিন ব্যতীত) স্বহস্তে লিখিত স্বাক্ষরসহ আবেদন, মোবাইল নং ও ই-মেইল উল্লেখপূর্বক dcshariatpur@mopa.gov.bd এই ই-মেইলে বা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয় ,শিক্ষা ও কল্যাণ শাখা রুম নং ২০৩ (অংশ-২) এ পৌঁছাতে হবে।

০২। আবেদনপত্রের সাথে প্রার্থীর নিম্নবর্ণিত কাগজসমূহ সংযুক্ত করতে হবে-
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি;

০৩। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) নিয়ে আসতে হবে।

০৪। আবেদনপত্র গ্রহণ/বাতিল, নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে ও নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। নিয়োগের ক্ষেত্রে কোন সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। কোন ভুল তথ্য উপস্থাপন করলে নিয়োগ বাতিল করা হবে।

০৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

04/07/26

(সাদিয়া জেরিন)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
শরীয়তপুর।
Email:aceducationshariatpur@gmail.com